

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধের চেতনা সংবিধান' বিষয়ক আলোচনা

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধের চেতনা ও সংবিধান' বিষয়ক এক আলোচনা সভার আয়োজন করে। ২০ নভেম্বর অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস এমপি। সভায় বিশেষ অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান, ধারণাপত্র উপস্থাপন করেন আইন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. তুরিন আফরোজ এবং সভাপতিত্ব করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এম ফকরুল আলম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, ট্রাস্টি বোর্ডের সদস্য ড. সাইদুর রহমান লস্কর প্রমুখ অংশ নেন। -প্রেস বিজ্ঞপ্তি